# ই-কমার্স প্রতিষ্ঠান ই-অরেঞ্জের প্রধান উপদেষ্টা গ্রেফতার



ই-কমার্স প্রতিষ্ঠান ই-অরেঞ্জের প্রধান উপদেষ্টা ও পরিচালক মাসুকুর রহমান। ছবি: সংগৃহীত

আলোচিত ই-কমার্স প্রতিষ্ঠান ই-অরেঞ্জের প্রধান উপদেষ্টা ও পরিচালক মাসুকুর রহমানকে গ্রেফতার করেছে পুলিশ।

আজ মঙ্গলবার (৩০ জুন) রাজধানীর ধোলাইখাল এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, গুলশান জোনের সহকারী পুলিশ কমিশনারের তত্ত্বাবধানে গুলশান থানার একটি দল এসআই মাহফুজুর রহমানের নেতৃত্বে আদালতের জারি করা গ্রেফতারি পরোয়ানার ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে।

মাসুকুর রহমানের বিরুদ্ধে দেশের বিভিন্ন থানায় অন্তত ২০টি গ্রেফতারি পরোয়ানা রয়েছে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী।

LENS ASIA